



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৫৩.১৪- ২৭৮৭

তারিখঃ ১৩/০৫/২০১৫ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ প্রকল্পে সংগঠিত অনিয়মের বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের উপজেলা পর্যায়ের আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালনসহ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দায়িত্ব প্রাপ্ত। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য উপজেলায় কর্মরত প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান এবং তাদের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা আপনার দায়িত্ব ও কর্তব্য। উপজেলা পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের সম্ভাবনা - সমস্যাসহ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংগঠিত অনিয়ম তাৎক্ষণিকভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করা আপনার আবশ্যিক দায়িত্ব।

বিগত ১১/০৪/২০১৫ খ্রি: তারিখ হতে ১৩/০৪/২০১৫ খ্রি: তারিখ পর্যন্ত প্রকল্পের সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (উন্নয়ন) কর্তৃক আপনার উপজেলায় প্রকল্প কার্যক্রম পরিদর্শন কালে প্রাথমিক ভাবে উপজেলায় কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও দু'জন মাঠ সংগঠক এর অনিয়মতান্ত্রিক, স্বেচ্ছাচারী, চাকুরী বিধি পরিপন্থী এবং প্রকল্প স্বার্থ বিরোধী কার্যক্রমে জড়িত থাকার তথ্য পাওয়া গেছে। উপজেলায় ভূয়া সমিতি গঠন করে প্রকল্প হতে ঋণ বিতরণ দেখিয়ে উক্ত টাকা বাজারে বিনিয়োগ; একই মহিলাকে একাধিক সমিতিতে সদস্য দেখিয়ে ঋণ বিতরণ; উপজেলার স্থায়ী বাসিন্দা নন এমন অস্থায়ী/ভাসমান লোককে ঋণ প্রদান; ঋণের সেবামূল্য আদায়ের ক্ষেত্রে প্রকল্প নির্দেশিত ১১% এর বিপরীতে সদস্যদের নিকট হতে ২২% বা ক্ষেত্রমতে তার বেশী সেবামূল্য আদায় এবং আদায়কৃত অতিরিক্ত অর্থ প্রকল্প তহবিলে জমা না করে আত্মসাৎ; সমিতির সাংগঠনিক নথিপত্র এবং ঋণ কার্যক্রমের নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ না করা; সদস্য অন্তর্ভুক্তি ও ঋণ বিতরণে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি সংরক্ষণ না করে ভূয়া জন্ম সনদ/ইউপি চেয়ারম্যানের সনদ রেখে ঋণ বিতরণ; ম্যানেজার কমিশন প্রদানে অনিয়ম; ভূয়া সদস্যদের নামে ঋণ বিতরণ দেখিয়ে মাঠ সংগঠককে ঋণ প্রদান; সমিতিতে ভূয়া ঋণ গ্রহীতা দেখিয়ে একই ব্যক্তিকে ৫০,০০০/- থেকে ১০০,০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান; মাসিক রিপোর্টে উপজেলার বিপুল পরিমাণ কিস্তি খেলাপীর প্রকৃত তথ্য দীর্ঘদিন যাবৎ গোপন রাখা ইত্যাদি নানাবিধ অনিয়মতান্ত্রিক কার্যক্রমের তথ্য উদঘাটিত হয়।

দীর্ঘদিন যাবৎ আপনি অভয়নগর উপজেলায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। আপনি আরও দায়িত্বশীল ভূমিকা রাখলে বর্ণিত অনিয়ম ও অনিয়মতান্ত্রিক কার্যক্রম সংগঠিত হওয়ার সুযোগ থাকতো না।

এমতাবস্থায় অভয়নগর উপজেলায় প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে সংগঠিত অনিয়ম, চাকুরী বিধি পরিপন্থী ও প্রকল্প স্বার্থ বিরোধী উপরোক্ত কার্যক্রম সংগঠনের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০/৫/২০১৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রদানের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
অভয়নগর, যশোর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।